

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ সূর্য যখন শয়তানের দুই শিংয়ের মাঝে অবস্থান করে, যে ব্যক্তি আসরের সালাত সেই সময় বিলম্বিত করে, সে ব্যক্তির ক্ষেত্রে নিফাক নাম ব্যবহার

ذِكْرُ إِطْلَاقِ اسْمِ النِّفَاقِ عَلَى الْمُؤَخِّرِ صَلَاةَ الْعَصْرِ إِلَى أَنْ تَكُونَ الشَّمْسُ بَيْنَ قَرْنَيِ الشَّيْطَان

আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ دَاوُدَ بْنِ وَرْدَانَ حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ أَخْبَرَنَا اللَّيْثُ عَنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ قَالَ دَخَلْتُ عَلَى أَنسِ بْنِ مَالِكِ أَنَا وَصَاحِبٌ لِي بَعْدَ الظُّهْرِ فَقَالَ أَصَلَيْنَتُمَا الْعَصْرَ قَالَ: فَقُلْنَا لَا قَالَ: فَصَلِّيَا عِنْدَكُمَا فِي الْحُجْرَةِ فَفَرَغْنَا الظُّهْرِ فَقَالَ أَصَلَيْنَتُمَا الْعَصْرَ قَالَ: فَقُلْنَا لَا قَالَ: فَصَلِّيا عِنْدَكُما فِي الْحُجْرَةِ فَفَرَغْنَا وَطَوَّلَ هُو ثُمَّ انْصَرَفَ إِلَيْنَا فَكَانَ أَوَّلَ مَا كَلَّمَنَا بِهِ أَنْ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَى قَرْنَي عَلَيْهِ وسلم: "تِلْكَ صَلَاةُ الْمُنَافِقِينَ يُمْهِلُ أَحَدُهُمْ حَتَّى إِذَا كانت الشمس عَلَى قَرْنَي الشَّيْطَانِ قَامَ فَنَقَرَ أَرْبَعًا لَا يذكر الله فيها إلا قليلا.

الراوي: الْعَلَاء بْن عَبْدِ الرَّحْمَنِ عَنِ أَنَسِ بْنِ مَالِكِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 259 اخلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

২৫৯. 'আলা বিন আব্দুর রহমান থেকে বর্ণিত, তিনি বলেন, আমি ও আমার এক সঙ্গী যোহরের পর আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুর নিকট গেলাম। তিনি আমাদের বললেন: "আপনারা কি আসরের সালাত আদায় করেছেন?" রাবী বলেন, আমরা বললাম: "জ্বী, না।" তিনি বললেন: "আপনারা হুজরার নিকট সালাত আদায় করে নিন।" অতঃপর আমরা সালাত শেষ করলাম। আর তিনি সালাত অনেক দীর্ঘ করলেন। তারপর তিনি আমাদের দিকে মুখ ফিরিয়ে প্রথম যা বললেন, তা হলো: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "এটি মুনাফিকের সালাত। কোন ব্যক্তি সালাতকে বিলম্বিত করে এমনকি সূর্য যখন শয়তানের দুই শিংয়ের মাঝখানে অবস্থান করে, তখন সে ব্যক্তি দাঁড়িয়ে যায় অতঃপর চারটি ঠোকর দেয় আর তাতে খুব কমই আল্লাহকে স্মরণ করে।"[1]



ফুটনোট

[1] আত তায়ালিসী: ২১৩০; মুসনাদ আহমাদ: ৩/১০২; সুনান আদ দারাকুতনী: ১/২৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: 88১।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলা ইবনু আবদুর রহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন